



রূপশ্রী

নারী ও শিশু বিকাশ এবং সমাজকল্যাণ দপ্তর

এই রাজ্যের যেসব মেয়ের পারিবারিক আয় বছরে দেড় লক্ষ টাকার কম, তারা শুধুমাত্র প্রথমবার বিবাহের জন্য রূপশ্রী প্রকল্পের মাধ্যমে এককালীন ২৫ হাজার টাকা অনুদান পেতে পারেন।

কারা আবেদন করতে পারবেন:

- ১) অন্তত ১৮ বছর বয়সী যে কোন অবিবাহিতা মেয়ে প্রথম বিবাহের জন্য আবেদন করতে পারবেন।
- ২) পাত্রের বয়স অন্তত ২১ বছর হতে হবে।
- ৩) এই রাজ্যে জন্ম হয়েছে বা বিগত পাঁচ বছর যাবত পশ্চিমবঙ্গে বাস করছে অথবা পিতা মাতার পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা।
- ৪) পারিবারিক বার্ষিক আয় অনাধিক ১.৫ লক্ষ টাকা হতে হবে।
- ৫) আবেদনকারীর নিজের নামে ব্যাংক অ্যাকাউন্ট থাকতে হবে যেখানে আই এফ এম এস কোড, এম আই সি আর কোড আছে।

যেসব নথি জমা দিতে হবে:

- ১) পারিবারিক আয় : স্ব-ঘোষণা পত্র।
- ২) আবেদনকারীর বয়সের প্রমাণপত্র: জন্মের শংসাপত্রের ফটোকপি / ভোটার কার্ড / প্যান কার্ড/ মাধ্যমিকের এডমিট কার্ড / আধার কার্ড / সরকার অনুমোদিত বিদ্যালয় ছাড়ার শংসাপত্রের স্ব-প্রত্যয়িত ফটোকপি।
- ৩) আবেদনকারীর বৈবাহিক অবস্থার স্ব-ঘোষণাপত্র।
- ৪) বসবাসের প্রমাণ: স্ব-ঘোষণা পত্র।
- ৫) ব্যাংক পাস বইয়ে আই এফ এম এস কোড, এম আই সি আর কোড সহ দরকারি তথ্য আছে সেই পৃষ্ঠার ফটোকপি।
- ৬) আবেদনকারী ও পাত্রের রঙিন পাসপোর্ট সাইজের ছবি।
- ৭) প্রস্তাবিত বিয়ের প্রমাণ: বিবাহের নিমন্ত্রণ পত্র/ ম্যারেজ রেজিস্ট্রেশন নোটিশ/ স্ব-ঘোষণা পত্র।
- ৮) প্রস্তাবিত পাত্রের বয়সের প্রমাণপত্র: প্রস্তাবিত পাত্রের জন্মের শংসাপত্রের ফটোকপি / ভোটার কার্ড/ প্যান কার্ড/মাধ্যমিকের এডমিট কার্ড/ আধার কার্ড /সরকার অনুমোদিত বিদ্যালয় ছাড়ার শংসাপত্রের ফটোকপি।

যোগাযোগ:

উপযুক্ত কাগজপত্রসহ স্থানীয় বিডিও অফিসে বা মহকুমা শাসকের অফিসে/ পুর কমিশনারের অফিসে, প্রস্তাবিত বিয়ের ৩০ থেকে ৬০ দিনের মধ্যে আবেদন করতে হবে।

পশ্চিমবঙ্গ সরকার